উত্তরা আঞ্চলিক পাসপোর্ট কার্যালয়ে দুর্বৃত্তদের আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর তুরাগে উত্তরা আঞ্চলিক পাসপোর্ট অফিসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। সোমবার (১৬ নভেম্বর) দিবাগত রাত ১টার দিকে পাকুরিয়া এলাকায় অবস্থিত কার্যালয়ে এ ঘটনা ঘটে। এতে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

মঙ্গলবার (১৭ নভেম্বর) বেলা সোয়া ১১টার দিকে তুরাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মোস্তাফিজুর রহমান বিষয়টি নিশ্চিত করেন।

সিসিটিভি ফুটেজে দেখা যায়, এক যুবক বোতল থেকে কার্যালয়ের ভেতরে দাহ্য পদার্থ ঢালছেন। পরে হেলমেট পরা আরেক যুবক দিয়াশলাই জ্বালিয়ে আগুন ধরিয়ে দেন। মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে পাসপোর্ট অফিসের চত্বরে।

ওসি মোস্তাফিজুর রহমান জানান, রিকশায় করে আসা দুই যুবক দাহ্য পদার্থ ঢেলে আগুন লাগিয়ে দ্রুত চলে যায়। সে সময় নিরাপত্তাকর্মীরা ঘুমিয়ে থাকায় তাৎক্ষণিকভাবে বিষয়টি বুঝতে পারেননি বলে ধারণা করা হচ্ছে।

এ বিষয়ে জানতে উত্তরা আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপপরিচালক রোজি খন্দকারের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও তাঁকে পাওয়া যায়নি।